

তারিখ: ০৫.০৩.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: উদ্ভক্তের প্রতিবাদ করায় নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলায় বখাটে কর্তৃক স্কুলের প্রধান শিক্ষককে পিটিয়ে গুরুতর জখম এবং লক্ষ্মীপুরের কমলনগর উপজেলায় বখাটেদের কর্তৃক সপ্তম শ্রেণীর ছাত্রী, তার বাবা ও বোনকে পিটিয়ে আহত করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণ এবং নির্যাতনের শিকার শিক্ষক, ছাত্রী ও তার স্বজনদের সুচিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ০৫.০৩.২০১৭ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, উদ্ভক্তের প্রতিবাদ করায় নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলায় বখাটে কর্তৃক স্কুলের প্রধান শিক্ষককে পিটিয়ে গুরুতর জখম এবং লক্ষ্মীপুরের কমলনগর উপজেলায় বখাটেদের কর্তৃক সপ্তম শ্রেণীর ছাত্রী, তার বাবা ও বোনকে পিটিয়ে আহত করার করার ঘটনা ঘটেছে। জানা যায়, আড়াইহাজার উপজেলার কান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রীদের বিদ্যালয়ে যাওয়া-আসার পথে বখাটে দেলোয়ার উদ্ভক্তকরে আসছিল। এ বিষয়ে প্রধান শিক্ষক প্রতিবাদ করলে গত ০৪.০৩.২০১৭ তারিখ বখাটে দেলোয়ার বিদ্যালয়ে প্রবেশ করে রড দিয়ে প্রধান শিক্ষককে মেরে গুরুতর আহত করে। এবং কমলনগর হাজিরহাট মিল্লাত উচ্চবিদ্যালয়ের ৭ম শ্রেণীর ছাত্রীকে চরজাঙ্গালিয়া গ্রামের মৃত আহম্মদ উল্লাহর ছেলে আবদুল খালেক এবং তার সহযোগী আবদুর রহিম ও মনির দীর্ঘদিন ধরে উদ্ভক্ত করে আসছিল। নির্যাতনের শিকার ছাত্রী তার প্রতিবাদ করলে বখাটেরা তাকে গাছের ডাল দিয়ে এলোপাতারি পিটাতে আরম্ভ করে এসময় নির্যাতনের শিকার ছাত্রীর বাবা ও বোন এগিয়ে এলে বখাটেরা তাদেরও পিটিয়ে আহত করে। বর্তমানে নির্যাতনের শিকার শিক্ষক ঢাকার পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন এবং নির্যাতনের শিকার ছাত্রী, বাবা ও বোন স্থানীয় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বাংলাদেশ মহিলা পরিষদ উদ্ভক্তের প্রতিবাদ করায় বখাটে কর্তৃক স্কুলের প্রধান শিক্ষককে পিটিয়ে গুরুতর জখম এবং সপ্তম শ্রেণীর ছাত্রী, তার বাবা ও বোনকে পিটিয়ে আহত করার গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার শিক্ষক, ছাত্রী, বাবা ও বোনের সুচিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। সেই সাথে যৌননিপীড়ন ও উদ্ভক্তকরণের ঘটনা প্রতিরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নসহ এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ